[redacted]

[redacted]

[redacted]

[

ভবিষ্যৎ নিয়ে সুজন বলেছেন, ‘আমরা অনেকে অনেক কথা বলছি। যা এই মুহূর্তে ঠিক না বলে আমি মনে করি। দেশকে আমরা আগে গড়ার চিন্তা করি। এখন দেশ গড়ার সময়। দেশের অনেক ক্ষতি হয়েছে, সেই ক্ষতিগুলো ঠিক করার চেষ্টা করি। সবাই সবার জায়গা থেকে চেষ্টা করি। আমার জায়গা রাজনীতি না, ফুটবল না, আমার জায়গা ক্রিকেট। তো সেসব জায়গা থেকে এগিয়ে যাওয়ার চেষ্টা করতে হবে। আমরা অনেক কিছু নিয়ে পড়ে আছি। অনেকে অনেক কিছুর স্বপ্ন দেখছে, দেখতেই পারেন। বোর্ড সভাপতি হবেন, বোর্ড ডিরেক্টর হবেন, সেটা হতেই পারেন। সময় আসলে সবাই সবকিছু হবেন। কিন্তু এখন সেই সময় না। একটা নতুন সরকার আসছে, যেন ভালো কিছু হয় আমরা সেই পথেই যেতে চাই। সবাই সবার পিছে না লেগে প্রকৃত দেশপ্রেমিক হলে দেশ গড়ার কাজে লাগতে হবে।’

সূত্র: ইত্তেফাক

নিষিদ্ধ লুয়ানাকে ‘গোপন বার্তা’ পাঠিয়েছেন নেইমার

ইনজুরির কারণে দীর্ঘদিন ধরে মাঠের বাহিরে ব্রাজিলিয়ান তারকা ফরোয়ার্ড নেইমার জুনিয়র। মাঠের খেলায় না থাকলেও আলোচনার কেন্দ্রবিন্দুতে থাকেন এই ব্রাজিলিয়ান। গেল কয়েক দিন আগে তৃতীয় সন্তানের বাবা হয়েছেন ৩২ বছর বয়সি এই ফুটবলার।

এবার প্যারাগুয়ের আলোচিত সাঁতারু লুয়ানা আলোনসোকে গোপন বার্তা পাঠিয়ে আলোচনায় আসেন নেইমার। ব্রাজিলিয়ান সুপারস্টার তার অনেক বড় ভক্ত বলে দাবি করেছেন লুয়ানা।

নেইমারের পাঠানো বার্তা নিয়ে লুয়ানা বলেছেন, ‘সে আমাকে ডিএম (গোপনীয়তা বজায় রেখে সরাসরি মেসেজ) করেছিল। আমি শুধু এটাই বলছি। এটা অনুরোধ বার্তা হিসেবে রেখে দেওয়া হয়েছে।’ তবে মেসেজে কী লেখা ছিল, সেটি প্রকাশ করেছে এই সাঁতারু। যদিও নেইমারের বিরুদ্ধে নারীদের এমন গোপন বার্তা পাঠানোর অভিযোগ নতুন নয়। বিভিন্ন সময় এমন কাণ্ড ঘটিয়েছেন এই ব্রাজিলিয়ান।

গেল বছর এক মডেলের সঙ্গে নেইমারের চ্যাট ফাঁস হওয়ার পর তার সঙ্গে সম্পর্কের ইতি টানার ঘোষণা দিয়েছিলেন তার বান্ধবী ব্রুনা বিয়ানকার্দি। অন্যদিকে প্যারিস অলিম্পিকে এবারের আসরে অংশগ্রহণ করেছিলেন আলোনসো। তবে অন্য ক্রীড়াবিদদের সঙ্গে অবাধ মেলামেশার কারণে অলিম্পিকের এবারের আসর থেকে নিষিদ্ধ করা হয় তাকে। তবে নিষিদ্ধ করা বিষয়টি গুজব বলে উড়িয়ে দেন তিনি। সে সঙ্গে তার ভক্ত-সমর্থকদের মধ্যে মিথ্যা তথ্য না ছড়ানোর জন্য অনুরোধ করেন তিনি।

এদিকে হাঁটুর গুরুতর চোট থেকে সেরে উঠলেও সৌদি প্রো লিগের নতুন মৌসুমের শুরুতে খেলতে পারবেন না নেইমার। গত সপ্তাহে এই তথ্য জানান তার দল আল হিলালের কোচ। ২০২৩ সালে এই ক্লাবটিতে খেলতে ফরাসি ক্লাব প্যারিস সেন্ট জার্মেই ছাড়েন তিনি। সৌদি আরবে প্রতি মৌসুমে তার আয় ১০০ মিলিয়ন ইউরো। গেল মৌসুমে ক্লাবটির হয়ে মাত্র পাঁচ ম্যাচ মাঠে নেমেছিলেন এই ব্রাজিলিয়ান তারকা।

সূত্র: ইত্তেফাক

বর্ণীল আয়োজনে পর্দা নামলো প্যারিস অলিম্পিকের

দু’সপ্তাহের বেশি সময় ধরে পুরো বিশ্বকে আকৃষ্ট করে রেখেছিল ‘বিগেস্ট শো অন আর্থ’ খ্যাত অলিম্পিক গেমস। অবশেষে জমকালো আয়োজনে পর্দা নামলো প্যারিস অলিম্পিকের। সমাপনী অনুষ্ঠানে উৎসবে মাতেন অ্যাথলেট, সেচ্ছাসেবী, দর্শকরা। অলিম্পিক পতাকা তুলে দেওয়া হয়েছে পরবর্তী আয়োজক লস অ্যাঞ্জেলেসকে।

প্যারিসের সিন নদীর তীরে হয়েছিল উদ্বোধনী অনুষ্ঠান। আর সমাপনী অনুষ্ঠান হয়েছে স্তাদে দ্য ফ্রান্স স্টেডিয়ামে। ফরাসি সাঁতারু লিওন মার্চান্ডকে দিয়ে হয়েছে শুরু ও শেষের আনুষ্ঠানিকতা। আইফেল টাওয়ারের শহরে নিভেছে অলিম্পিক মশাল।

সমাপনী অনুষ্ঠানে সবচেয়ে আকর্ষণীয় মার্কিন অভিনেতা টম ক্রুজের স্টান্ট শো। বেজেছে মিশন ইমপসিবলের সাউন্ডট্র্যাক। চার বছর পর

লস অ্যাঞ্জেলসে বসবে অলিম্পিকে ৩৪তম আসর। মেয়র কারেন ব্যাসকে হস্তান্তর করা হয়েছে অলিম্পিক পতাকা।

এবারের অলিম্পিকে পদক তালিকার শীর্ষে আছে যুক্তরাষ্ট্র। ৪০ স্বর্ণসহ ১২৬টি পদক নিয়ে সেরা মার্কিনিরা। সমান স্বর্ণ জিতেছে চীনও। মোট ৯১টি পদক নিয়ে দ্বিতীয়স্থানে আছে তারা। আগামী অলিম্পিকের আয়োজক মার্কিন যুক্তরাষ্ট্র। ২০২৮ এর ১৪ জুলাই দেশটির লস অ্যাঞ্জেলেসে বসবে ক্রীড়াবিদদের মিলনমেলা।

সূত্র: ইত্তেফাক

ইংলিশদের অন্তর্বর্তীকালীন কোচ হলেন কার্সলি

ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপের টানা দুইবার ফাইনাল খেলেও শিরোপা ছোঁয়া হয়নি ইংলিশদের। সেই ব্যর্থতার দায় মাথায় নিয়ে হ্যারি কেইন-বেলিংহামদের দায়িত্ব ছাড়েন গ্যারেথ সাউথগেট। ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপের টানা দুইবার ফাইনাল খেলেও শিরোপা ছোঁয়া হয়নি ইংলিশদের। সেই ব্যর্থতার দায় মাথায় নিয়ে হ্যারি কেইন-বেলিংহামদের দায়িত্ব ছাড়েন গ্যারেথ সাউথগেট। ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপের টানা দুইবার ফাইনাল খেলেও শিরোপা ছোঁয়া হয়নি ইংলিশদের। সেই ব্যর্থতার দায় মাথায় নিয়ে হ্যারি কেইন-বেলিংহামদের দায়িত্ব ছাড়েন গ্যারেথ সাউথগেট।

ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপের টানা দুইবার ফাইনাল খেলেও শিরোপা ছোঁয়া হয়নি ইংলিশদের। সেই ব্যর্থতার দায় মাথায় নিয়ে হ্যারি কেইন-বেলিংহামদের দায়িত্ব ছাড়েন গ্যারেথ সাউথগেট। এরপর থেকে গুঞ্জন শুরু হয় কার হাতে উঠবে ইংলিশদের দায়িত্ব। গুঞ্জন ছিল জার্মান কোচ ইয়ুর্গেন ক্লপ দিতে চাচ্ছেন ইংল্যান্ডের দায়িত্ব। তবে সেই গুঞ্জন উড়িয়ে দেন সাবেক লিভারপুলের এই কোচ।

তবে এবার আর গুঞ্জন নয়, নিজেদের কোচ নিয়ে গতকাল একটি বিবৃতি প্রকাশ করে ইংল্যান্ড ফুটবল অ্যাসোসিয়েশন। সেই বিবৃতি বলা হয়,

কোচ না পাওয়া পর্যন্ত ইংল্যান্ডের অন্তর্বর্তীকালীন কোচের দায়িত্ব পালন করবেন লি কার্সলি। ইংল্যান্ডে জন্মগ্রহণ করলে কার্সলি খেলেছেন আয়ারল্যান্ডের হয়ে। মূলত আগামী মাসে শুরু হবে উয়েফা নেশন্স লিগ। এই টুর্নামেন্টের জন্যই কার্সলির হাতে দায়িত্ব দেওয়া হয়েছে। আগামী মাসের ৭ তারিখে নেশন্স লিগে আয়ারল্যান্ডের বিপক্ষে ম্যাচ দিয়ে মাঠে নামবে ইংলিশরা।

এর আগে ইংল্যান্ডের অনূর্ধ্ব-২০ ও ২১ ফুটবল দলের হেড কোচের দায়িত্ব পালন করেছিলেন কার্সলি। আয়ারল্যান্ড জাতীয় দলের হয়ে খেলেছেন ৪০টি ম্যাচ। ২০০২ সাল থেকে ২০০৮ পর্যন্ত ইংলিশ ক্লাব এভারটনের হয়ে খেলেছেন তিনি। একাধিক ক্লাবের হয়ে সর্বমোট খেলেছেন ৪৭২ ম্যাচ। ম্যানেজার ছিলেন ব্রেন্টফোর্ডের। এছাড়া কভেন্ট্রি সিটি ও বার্মিংহাম সিটির অন্তর্বর্তীকালীন কোচের দায়িত্বও পালন করেছেন কার্সলি।
সূত্র ইত্তেফাক

ফুটবলকে বিদায় জানালেন ডিফেন্ডার পেপে

ডিফেন্ডারও যে একজন কিংবদন্তি হতে পারে সেটাই প্রমাণ করে গেলেন পর্তুগিজ ডিফেন্ডার পেপে। পুরো ক্যারিয়ার জুড়ে ছিলেন দুর্দান্ত। ডিফেন্স লাইনে চীনের সেই মহা প্রাচীরের মতো দাঁড়িয়ে থাকতেন তিনি। তাকে ডিঙেয়ে গোল বারে শর্ট নিয়ে অগ্নিপরীক্ষা দিতে হতো বিশ্বের সব বাঘা বাঘা ফরোয়ার্ডদের। গেল মাসে জার্মানিতে অনুষ্ঠিত হওয়া ইউরোপিয়ান চ্যাম্পিয়নশিপে কোয়ার্টার ফাইনালে ফ্রান্সের বিপক্ষে ম্যাচটি ছিল তার আন্তর্জাতিক ক্যারিয়ারের শেষ ম্যাচ। তখনো অনেকে আঁচ করেছিল। খুব তাড়াতাড়ি ফুটবলকে বিদায় জানাবেন এই কিংবদন্তি। এবার সেটাই সত্যি হলো।

বৃহস্পতিবার (৮ আগস্ট) সামাজিক যোগাযোগমাধ্যমে একটি পোস্টের মধ্যে দিয়ে ফুটবলে নিজের অধ্যায় শেষের কথা জানান এই পর্তুগিজ। সেই পোস্ট নিজের দীর্ঘ ফুটবল ক্যারিয়ার নিয়ে ৪১ বছর বয়সী এই

তারকা বলেন, ‘আমি আপনাদের সবাইকে ধন্যবাদ জানাতে চাই। কারণ আমার পুরো ক্যারিয়ার জুড়ে আপনারা আমাকে সমর্থন ও ভালোবাসা দিয়েছেন।’

জাতীয় দলের পেপের সবচেয়ে ভালো বন্ধু কিংবদন্তি ফুটবলার ক্রিশ্চিয়ানো রোনালদো। ক্লাব ফুটবলে রিয়াল মাদ্রিদের হয়ে একসঙ্গে খেলেছেন রোনালদো ও পেপে। প্রিয় বন্ধু বিদায় বেলায় এক পোস্টের মধ্যে দিয়ে রোনালদো বলেন, ‘আমার বন্ধু, তুমি আমার কাছে কী বোঝাতে চা-ও, তা প্রকাশ করার কোনো ভাষা নেই। মাঠে একসঙ্গে আমরা সবকিছু জিতেছি। তবে সবচেয়ে বড় জয় হলো বন্ধুত্ব। তোমার প্রতি আমার যে সম্মান আছে তা হলো-তুমি অনন্য, আমার ভাই। তোমাকে অনেক ধন্যবাদ।’

এছাড়াও বিদায় বেলায় পেপেকে শ্রদ্ধা জানিয়েছে পর্তুগাল ফুটবল ফেডারেশনের সভাপতি ফার্নান্দো গোমেস। সেইসঙ্গে পেপে সর্বকালের সেরা খেলোয়াড় বলে আখ্যা দিয়েছেন ফার্নান্দো। তিনি বলেন, ‘অসাধারণ পেশাদারিত্ব ছিল তার মধ্যে। ফুটবলের প্রতি তার যে আবেগ, এর জন্য তাকে ধন্যবাদ জানাই।’

১৯৮৩ সালে ব্রাজিলের জন্মগ্রহণ করলেও পর্তুগালে থাকার সুবাদে ২০০৭ সালে পর্তুগাল জাতীয় দলের হয়ে অভিষেক হয় পেপের। জাতীয় দলের জার্সি গায়ে খেলেছেন ১৪১টি ম্যাচ। ডিফেন্ডার হয়েও গোল করেছেন ৮টি। জাতীয় দলের হয়ে জাতীয় দলের হয়ে একমাত্র সাফল্য ২০১৬ ইউরোতে শিরোপা উঁচিয়ে ধরা। এছাড়াও জাতীয় উয়েফা নেশনস লিগ ও ফিফা কনফেডারেশন্স কাপে শিরোপা জিতেন পেপে।

তবে ক্লাব ফুটবলে রিয়াল মাদ্রিদে সোনালি সময় কেটেছে পেপের। মাদ্রিদের ক্লাবটির হয়ে জিতেছেন তিনটি লা লিগা, তিনটি চ্যাম্পিয়নস লিগ এবং দুটি ক্লাব বিশ্বকাপের শিরোপা। ক্লাব ফুটবলে পেপের ক্যারিয়ারের শুরু পর্তুগিজ ক্লাব পোর্তোয়। এরপর ২০০৭ সালের যোগ দেন রিয়াল মাদ্রিদে। স্প্যানিশ ক্লাবটিতে এক দশক কাটিয়ে ২০১৭ সালে পাড়ি জমান রিয়াল ছেড়ে বেসিকতাসে। দুই মৌসুম তুর্কি ক্লাবটিতে খেলে ২০১৯ সালে ফিরে যান নিজের প্রথম ক্লাব পোর্তোয়।

সূত্র: ইত্তেফাক

ক্ষোভে ফুঁসছেন ক্রিকেটাররা

কোটা সংস্কার আন্দোলনে সদ্য বিদায়ী সরকার নির্বিচারে গুলি চালিয়ে শত শত শিক্ষার্থীকে শহিদ করেছে। মৃত্যুর মিছিলে নাম লিখিয়েছেন সাধারণ জনতাও। শেষ পর্যন্ত সেই আন্দোলনের নাম হয় বৈষম্যবিরোধী আন্দোলন। শিক্ষার্থীরা সরকার পতনের এক দফা দাবি তুলে সেটি সফল করেই ঘরে ফেরেন। লাখ লাখ মানুষের আন্দোলনের মুখে শেখ হাসিনা কেবল পদত্যাগ নয়, গোপনে বাংলাদেশ থেকে পালিয়ে যান।

দীর্ঘ ১৫ বছরের বেশি সময় ধরে ক্ষমতায় ছিলেন তিনি। সে কারণে ক্রীড়াঙ্গনেও রাজনীতির প্রভাবের বাইরে ছিল না। এবার স্বৈরাচারী শাসকের পতনের পর ক্ষোভে ফুঁসছেন ক্রিকেটাররা। দীর্ঘদিন ধরে যারা বৈষম্যের শিকার হয়েছেন তারা মুখ খুলেছেন। বসে নেই ক্রিকেট কর্তারাও। মাঠে নেমে তারাও দিয়েছেন পরিবর্তনের ডাক। তাতে বিসিবিতে চলছে টালমাটাল অবস্থা। সভাপতি নাজমুল হাসান পাপন এখনও বিসিবির কার্যালয়ে আসেননি। কোনো পরিচালকের দেখাও পাওয়া যায়নি।

গতকাল মিরপুরে বৈষম্যবিরোধী আন্দোলনে শহিদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে অনুশীলন শুরু করেছেন ক্রিকেটাররা। শহিদদের স্মরণে শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়াম চতুরে টানানো হয়েছে ব্যানার। আবু সাঈদ, মীর মাহফুজুর রহমান মুগ্ধদের ছবি সংবলিত সেই ব্যানারে লেখা রয়েছে, ‘জাতীয় এই আন্দোলনে সব শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা’। আরেক ব্যানারে লেখা রয়েছে, ‘আমরা গভীরভাবে শোকাহত’। গত এক মাসে বৈষম্য বিরোধী আন্দোলনে শহিদদের প্রতি শ্রদ্ধা ও প্রত্যেকের আত্মার মাগফিরাত কামনা করে ১ মিনিট নীরবতা পালন করে অনুশীলন শুরু করেন ক্রিকেটাররা। সে সময় সেখানে ছিলেন মেহেদী হাসান মিরাজ, খালেদ আহমেদ, মুশফিকুর রহিম, এনামুল হক বিজয়, নাঈম হাসান, মাহমুদুল হাসান, জাকির হাসানরা।

গত পরশু বাংলাদেশ ‘এ’ দলের পাকিস্তান যাওয়ার কথা ছিল। কিন্তু দেশের পরিস্থিতি অনুকূলে না থাকায় সফর বাতিল করা হয়। সবকিছু ঠিক থাকলে আগামীকাল তাদের উড়াল দেওয়ার কথা রয়েছে। এই সফরে দুটি চার দিনের ম্যাচ ও তিনটি ওয়ানডে ম্যাচ খেলার কথা রয়েছে। এ দিকে সরকার পতনের পরে একের পর এক ইস্যু নিয়ে কথা বলছেন পেসার রুবেল হোসেন।

এবার তিনি সামাজিক মাধ্যমে লিখেছেন, ‘গত কয়েক বছরে দেশের ক্রিকেটকে ধ্বংস করার নেপথ্যে থাকা ব্যক্তিরা দেখলাম বলতেছে দেশে সুশাসন চায়। শুধুমাত্র অপছন্দের তালিকায় থাকার কারণে অসংখ্য ক্রিকেটারের ক্যারিয়ার ধ্বংস করে দেওয়া ব্যক্তিরা এখন ক্ষমতার পালা বদল দেখে রং বদলানোর চেষ্টায় আছে। একইভাবে চন্ডিকা হাতুরুসিংহেসহ তার অবৈধ কাজে সহায়তা করে দেশের ক্রিকেটকে ধ্বংস করা ব্যক্তিদের অন্তত আর কোনো দায়িত্বে দেখতে চাই না।’

এই লেখাকে সমর্থন করে নুরুল হাসান সোহান লিখেছেন, ‘ভাই অনেক কিছু বলতে চাই। কিন্তু কিছু বলেতছি না। তবে কতক্ষণ নিজেকে নিয়ন্ত্রণ করে রাখতে পারবো জানি না।’ কেবল ক্রিকেটাঙ্গন নয়, আরও বিষয় নিয়ে মুখ খুলেছেন জাতীয় দলের ক্রিকেটার সোহান।

ফেসবুকের এক পোস্টে তিনি লিখেছেন, ‘এই স্বাধীন বাংলাদেশে আর কোনো প্রবাসী ভাইকে যেন এয়ারপোর্টে হেনস্তা হতে না হয়। প্রবাসীরা এয়ারপোর্টে কিছু ব্যক্তি দ্বারা প্রায়ই হেনস্তার শিকার হন। তাই আশা করব, ভবিষ্যতে সব প্রবাসীরা যেন এয়ারপোর্টে তাদের প্রাপ্য সম্মানটা পায়। এয়ারপোর্টের আইনশৃঙ্খলায় নিয়োজিত যারা আছেন, তারা এই ব্যাপারটি অনুগ্রহ করে গুরুত্বসহকারে দেখবেন, যাতে কোনো প্রবাসী যেন হেনস্তার শিকার না হয়।’

সূত্র: ইত্তেফাক

মেসির বাড়িতে আন্দোলনকারীদের হামলা

বর্তমানে যুক্তরাষ্ট্রের ক্লাব ইন্টার মিয়ামিতে খেলছেন আর্জেন্টিনার বিশ্বকাপ জয়ী অধিনায়ক লিওনেল মেসি। তবে ক্যারিয়ারের এক একটা সময় খেলেছেন স্প্যানিশ ক্লাব বার্সোলোনার হয়ে। ২০০৩ সাল থেকে বার্সেলোয়ার হয়ে মাঠ মাতিয়েছেন তিনি।

প্রথমে বার্সেলোনার ‘সি’ টিমের হয়ে খেলার পর ২০০৪-২০০৫ মৌসুমে খেলেছেন ক্লাবটির ‘বি’ দলে। এরপর টানা ১৭ বছর খেলেছেন স্প্যানিশ

জায়েন্ট ক্লাবটির মূল দলে। পুরো ক্যারিয়ার জুড়ে অসামান্য সাফল্য পান এই আর্জেন্টাইন। তার সময় ক্লাবটি কাটিয়ে নিজেদের ইতিহাসের সেরা সময়। বার্সার সমর্থকরাও এখনো এই কিংবদন্তিকে নিজেদের অন্তরে লালন করে। দীর্ঘ দুই দশক স্পেনের খেলার সুবাদে বার্সেলোনার ইবিজায় এলাকাতে ইবিজা ম্যানশন নামে লিওনেল মেসির ছিল বিলাস বহুল বাড়ি, যা নির্মাণ করতে খরচ হয়েছে ১১ মিলিয়ন ইউরো।

এবার এই কিংবন্তি ফুটবলারের বাড়িতে হামলা করেছে আন্দোলনকারীরা। আন্তর্জাতিক গণমাধ্যমগুলোর তথ্যমতে জানা যায়, বতর্মানে স্পেনের ঐ অঞ্চলে জলবায়ু পরিবর্তন ব্যাপকভাবে বেড়েছে, যার কারণে শহরে তীব্র তাপপ্রবাহের সৃষ্টি হয়েছে। এতে কয়েক জন মারা গেছে বলে জানা যায়। সেখানে ‘ফিউচারো ভেজেটাল’ নামে একটি সংঠনের সদস্যরা আন্দোলন করেছে।

তাদের মতে আর্জেন্টিনার বিশ্বকাপ জয়ী অধিনায়কের বাড়িতে পরিবেশ দূষণে সহায়ক। যার কারণে গেল সপ্তাহে আন্দোলনকারীরা এই আর্জেন্টিনা ও বার্সেলোনার কিংবদন্তির বাড়িতে হামলা চালায়। সেই সঙ্গে বাড়ির দেওয়ালে প্রতিবাদী স্লোগানও লিখে দেয় আন্দোলনকারীরা, যা ছড়িয়ে পড়ে সামাজিক যোগাযোগ মাধ্যমগুলোতে। এছাড়া সংগঠনটির সদস্যরা ব্যানার নিয়ে অবস্থান করে। সেখানে লেখা ছিল, ‘বিশ্বকে বাঁচান, ধনীদের প্রতিরোধ করুন এবং পুলিশ সরিয়ে নিন।’ এছাড়া আন্দোলনকারীরা নিজেদের এক্সে মেসির বাড়িতে হামলা করা নিয়ে পোস্ট শেয়ার করে। তারা বাড়িটি অবৈধ।

এই নিয়ে তারা লিখেন, ‘আমরা মেসির অবৈধ ইবিজার বাড়িতে বিভিন্ন গ্রাফিতি এঁকেছি। অবৈধভাবে এই বাড়িতে নির্মাণ করা হয়েছে। যেখানে সাবেক এই বার্সা তারকা ১১ মিলিয়ন ইউরোরও বেশি অর্থ ব্যয় করেছেন। ওই বাড়ি নির্মাণের সময়ও ২-৪ মানুষ নিহত হন এবং নির্মাণসংক্রান্ত কাজের কারণে তাপপ্রবাহ বেড়েছে।’ তবে নিজের বাড়িতে হামলা হওয়ার বিষয়ে এখন পর্যন্ত কোনো মন্তব্য করেনি সাবেক এই বার্সা তারকা।

সূত্র: ইত্তেফাক

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

অলিম্পিক চ্যাম্পিয়ন। তিনিসহ দেশটির আরও দুই অ্যাথলেট দৌড়ানোর সময়ে কৌশল অবলম্বন করেছিলেন। শুরু থেকে বোঝা না গেলেও কিছুক্ষণ পরে সকলের সামনে সেটি পরিষ্কার হয়ে ওঠে। নিজেদের কৌশল নিয়ে আরেগায়ি বলেছেন, ‘আমরা দলগতভাবে একটা কৌশল গ্রহণ করেছিলাম। আমরা নিজেদের জায়গা ধরে রেখে বাকিদের পেছনে ফেলতে চেয়েছিলাম। কিন্তু আমি দুঃখিত, আমরা স্বর্ণ জিততে পারলাম না।’

মূলত ইথিওপিয়ার এই তিন অ্যাথলেট চেয়েছিলেন, নিজেদের দেশকে স্বর্ণপদক এনে দিতে। এজন্য শুরু থেকেই ভাগ হয়ে কখনো একসঙ্গে দৌড়ে বাকিদের আলাদা রাখতে চেয়েছেন। যারা এগিয়ে যেতে চেয়েছেন তারা এই তিন জনের বাধার মুখে পড়েছেন। চেপতেগেই শুরু থেকেই সেটি বুঝতে পেরেছিলেন বেশির ভাগ সময় মানিয়ে নেওয়ার চেষ্টা করেছেন। শেষদিকে এসে আসল শক্তি দেখিয়ে দিয়েছেন। শেষের ৪০০ মিটার আগেও উগান্ডার এই দৌড়বিদ ছিলেন পেছনে। সেখান থেকে গতি বাড়িয়ে সবার আগে চলে আসেন। পেছন থেকে আরেগায়ি হাত দিয়ে ধরার চেষ্টা করেও পারেননি।

অন্যদিকে চেপতেগেইয়ের মতো ‘শেষ ভালো’ করে পদক তুলেছেন যুক্তরাষ্ট্রের গ্রান্ট ফিশার। স্তাদে দে ফ্রান্সে চেপতেগেই ১০ হাজার মিটার দৌড় শেষ করেছেন ২৬ মিনিট ৪৩.১৪ সেকেন্ডে। অলিম্পিকের এই ইভেন্টে এটিই সবচেয়ে কম সময়ে দৌড় শেষ করার রেকর্ড। এর আগে রেকর্ড গড়েছিলেন ইথিওপিয়ার কেনেনিস বেকেলের। ২০০৮ বেইজিং অলিম্পিকে তিনি ২৭ মিনিট ১.১৭ সেকেন্ড সময় নিয়েছিলেন। দীর্ঘদিন পরে সেই আসন দখল করলেন চেপতেগেই। ২৬ মিনিট ৪৩.৪৪ সেকেন্ড সময় নিয়ে রৌপ্য জিতেছেন আরেগায়ি। তার থেকে মাত্র ০.০২ সেকেন্ড বেশি সময় নিয়ে ব্রোঞ্জ জিতেছেন ফিশার। এ দিকে ছেলেদের অ্যাথলেটিকসে ১০ হাজার মিটার ইভেন্টে বিশ্ব রেকর্ডও চেপতেগেইরই দখলে তিনি ২৬ মিনিট ১১ সেকেন্ড সময় নিয়ে দৌড় শেষ করেছিলেন।

সূত্র: ইত্তেফাক

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এরপর পুরো মাঠ ধরে তীব্র বিশৃঙ্খলা সৃষ্টি হয়। এমতাবস্থায় খেলোয়াড়, রেফারি, সহকারি রেফারি, লাইসম্যান এবং সকল দর্শকের নিরাপত্তার স্বার্থে কমিটি মাইকে ঘোষণা করে আপনারা নিরাপদ স্থানে অবস্থান করুন এরপর আর মাঠে খেলা গড়ানো সম্ভব হয়নি। কমিটির আইন অনুযায়ী মেহেরপুর বন্ধু একাদশ ক্লাব টুর্নামেন্ট থেকে বরখাস্ত হওয়ার কথা এবং কোমরপুর বিজয় নিশান ক্লাব সরাসরি ফাইনালে খেলার যোগ্যতা রাখে।
তা সত্বেও কমিটি কোমরপুর বিজয় নিশান ক্লাবকে পুনরায় মেহেরপুর বন্ধু একাদশ ক্লাবের সাথে ম্যাচ খেলার প্রস্তাব দেয়। যা সম্পূর্ণ অযৌক্তিক এবং হাস্যকর। যা কোমরপুর বিজয় নিশান ক্লাব সম্পূর্ণভাবে প্রত্যাহার করে। পরবর্তীতে ১/৮/২৪ তারিখ বৃহস্পতিবার সন্ধ্যায় কমিটি কোমরপুর বিজয় নিশান ক্লাবের কোন প্রতিনিধির উপস্থিত ছাড়াই একতরফা সিদ্ধান্তের মাধ্যমে কোমরপুর বিজয় নিশান ক্লাবকে বহিষ্কার করে, যা ন্যাচারাল জাস্টিসের প্রিন্সিপাল কে লংঘন করে।

এই সম্পূর্ণ ঘটনা আমাদের জনপ্রশাসন মন্ত্রীর পিতা মরহুম ছহিউদ্দিন বিশ্বাসের নামে ঘোষিত টুর্নামেন্টকে কুলুষিত ও কলঙ্কিত করে। যা সমগ্র মেহেরপুরবাসীর জন্য চরম লজ্জারও হতাশার। এমত অবস্থায় আমাদের এবং সমগ্র মেহেরপুরবাসীর অভিভাবক মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য, ফরহাদ হোসেন স্যারের দৃষ্টি আকর্ষণ করছি যেন, যোগ্য দল হিসেবে কোমরপুর বিজয় নিশান ক্লাবকে সম্পূর্ণ নিরাপত্তা প্রদান করে উক্ত টুর্নামেন্টের ফাইনাল ম্যাচে খেলানো হয়।

সংবাদ সম্মেলনে মহাজনপুর ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মইনুদ্দিন ময়না, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, আব্দুর রশিদ বল্টু, কমিটির সদস্য মাদার আলী, ফেরদৌস আলী, অ্যাডভোকেট সাইফুল ইসলাম সাহেব, মফিজুর রহমান মফিজ, আরিফুল ইসলাম মিলন, সানোয়ার হোসেন সেন্টু, আনিসুর রহমান টিপু, আব্দুল মাবুদ, সাবেকিউবে সদস্য সানাউল হোসেন, আজিজুল ইসলাম, বিল্লাল হোসেন, তুয়াজ আলী, সোনা গাইন, আরিফুল ইসলাম মিঠু, ইউনুস আলী হাজী মোঃ আতিকুল্লাহ সোহাগ প্রমুখ উপস্থিত ছিলেন।